




শিশু কী কী কাজে
ডিভাইস ও ইন্টারনেট
ব্যবহার করতে পারে
সে সম্পর্কে জানা এবং কোন কাজে
কী ধরনের হার্ডওয়্যার, সফটওয়্যার
ও অ্যাক্স প্রয়োজন
হয় তা জানা



Digital
Literacy
Center

শাওন তুই
কী ব্যস্ত ভাই?

না ভাইয়া বলো।
কোনো প্রয়োজন?

তোর কাছে তো
আমার প্রয়োজন এ'
একটাই, ইন্টারনেট
বিষয়ক পরামর্শ!

হা হা হা। তোমার মত সবাই সচেতন হলে খুব
ভালো হত। এখন বলো কী জানতে চাও?

শোন বলুকো তো ট্যাব কিনে দিলাম,
তাছাড়া ওর মার মোবাইল তো সারাদিন ওর
কাছেই থাকে।

এখন এই ডিভাইসগুলো ওর কাজে
লাগবে এমন কিছু করা যাবে?

জ্বি ভাইয়া যাবে।




শিক্ষা কার্যক্রমে ডিজিটাল ডিভাইস ও
ইন্টারনেটের ব্যবহার বহল প্রচলিত।

অনলাইনে পরীক্ষার ফলাফল দেখা, ক্লাস করা, পরীক্ষা দেয়া,
বাড়ির কাজ জমা দেয়া, বই ডাউনলোড করা, স্কুল-কলেজের
বাইরে কোনো কোর্স করার মত কাজগুলো করা যায়।

অনলাইনে ক্লাস করা এবং পরীক্ষা দেয়ার জন্য
রয়েছে জুম (Zoom), গুগল মিট (Google Meet),
স্ট্রিমইয়ার্ড (Streamyard), গুগল ক্লাসরুম
(Classroom), টিচমিন্ট (Teachmint) এসব
অ্যাক্স বা সফটওয়্যার।

আবার বই ডাউনলোড করার জন্য NCTB- এর
ওয়েবসাইট ব্যবহার করতে পারবে।

এই ওয়েবসাইটে প্রথম থেকে দশম পর্যন্ত সকল ক্লাসে
সব বই পিডিএফ ফাইল আকারে দেয়া আছে।



খুব ভালো।
তারপর?

তারপর, স্কুল-কলেজে ভর্তি হবার আবেদন এবং সেখানে ভর্তি হবার জন্যে সেসব স্কুল-কলেজের ওয়েবসাইটে আবেদন করা,

ভর্তি হওয়া এবং মাসিক বেতন দেয়ার কাজগুলোও করা সম্ভব।

শিশুর প্রয়োজনীয় বিনোদন ও শিক্ষা উপকরণ কেনার জন্যে বিশেষ করে শিশুদের জন্যে অনলাইন বেশ ভালো একটি মাধ্যম।

শহরের রাস্তার যাতায়াতের সমস্যা,

অনিরাপত্তার মধ্যে শিশুকে বাইরে না নিয়ে প্রয়োজনীয় জিনিস অনলাইনে কেনা যায়।

সেজন্য দারাজ, অথবা ডট কম, রকমারি ডট কম, বইয়ের জাহাজ ইত্যাদি ওয়েবসাইট রয়েছে।

এছাড়া শিশুরা বিভিন্ন ধরনের সৃজনশীল কাজে ডিজিটাল ডিভাইস ব্যবহার করে।

যেমন: কেউ কেউ গ্রাফিক্স ডিজাইন করে, কেউ প্রোগ্রামিং, কেউ তার নাচ-গান- আবৃত্তি রেকর্ড করে, কেউ বা লেখালেখি করে।

এ ধরনের কাজের জন্য বিভিন্ন ধরনের সফটওয়্যার ও অ্যাপ ব্যবহার করার প্রয়োজন পড়ে।

গ্রাফিক্স ডিজাইনের জন্যে Adobe illustrator, Adobe Photoshop ব্যবহার করা হয়। প্রোগ্রামিং এর জন্যে সেসব সফটওয়্যার যেমন C++, python, r ইত্যাদি।

লেখালেখির জন্যে কিছু নোট থাকে মোবাইলে এসব নোটের পাশাপাশি মাইক্রোসফট ওয়ান নোট, গুগল ডক, মাইক্রোসফট ওয়ার্ড এসব ব্যবহার করা হয়।

রেকর্ড করার জন্যে ফোনের ভিডিও ক্যামেরা, অডিও রেকর্ডার ব্যবহার করতে হবে।

সেসব রেকর্ড করে উপস্থাপন উপযোগী করে তোলার জন্যেও কিছু ভিডিও এডিটিং সফটওয়্যার ব্যবহার করা যায়।

তাহলে তো দেখছি
বালুটির জন্য খুবই
উপকারী হবে।

হ্যাঁ

শিশুকে এসব প্রয়োজনীয়
ডিভাইস দেয়ার পাশাপাশি
অভিভাবক হিসেবে সবার
উচিত এই বিষয়গুলো সম্পর্কে
পর্যাপ্ত ধারণা রাখা।

এইযে ধারণা নিয়ে নিলাম।
হা হা হা। তোকে
অনেক ধন্যবাদ ডাই।